গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং স্বা:অধি:/অর্থ(বাজেট)/বরাদ্দ/অর্থ ন্যাস্ত/ইপিআই/শ্রমিক মজুরী/২০২৫-২৬/৮৭৩৬ তারিখঃ ২৩/০৫/২০২৬খ্রি.

## বিজ্ঞপ্তি

বিষয়: সম্প্রসারিত টিকাদান কর্মসূচী (ইপিআই) কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে সারাদেশে দৈনিকভিত্তিতে নিয়োজিত সাময়িক শ্রমিকগণের (পোর্টার/প্যাকার্স) বকেয়া পরিশোধের লক্ষ্যে অনিয়মিত শ্রমিক মজুরি (৩২১১১৩৪) খাতে অর্থ বরাদ্দ ন্যাস্তকরণ প্রসংগে।

সূত্র: (১) স্মারক নং-৪৫.০০.০০.০০.১৩৯.০১৩.২০২৬-৮৬৭ তারিখ ২১-০৫-২০২৬ খ্রি.
(২) মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদিত সারসংক্ষেপ (স্মারক নং-৪৫.০০.০০০০.১৩৯.০১৩.২০২৬-৮২৬ তারিখ ২১-০৫-২০২৬ খ্রি.
(৩) স্মারক নং-৪৫.০০.০০.০০.১৩৯.০১৩.২০২৬-৮৫০ তারিখ ২১-০৫-২০২৬ খ্রি.
(৪) ০৭.১০৪.০২০.১২৭০.৯৭.২০২৬-১২০৯ তারিখ ২০-০৫-২০২৬ খ্রি. (উল্লেখিত সকল স্মারক পত্রের কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাত পত্রের আলোকে সংশ্লিষ্ট সকল উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা/ডিডিও-গণের (স্থানীয় ক্রয়-সত্বাধিকারী) অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২৬ অর্থ বছরে সংশোধিত বাজেটের আওতায় উপজেলা স্বাস্থ্য কার্যালয়সমূহ (সকল) (প্রতিষ্ঠানিক কোড- ১২৭০২০৪), অনিয়মিত শ্রমিক মজুরি (অর্থনৈতিক কোড-৩২১১১৩৪) খাতে ব্যয় নির্বাহের লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তরাধীন সম্প্রসারিত টিকাদান কর্মসূচী (ইপিআই) কার্যক্রম বাস্তবায়নে নিয়োজিত ১৩২৬ জন (সংযুক্ত তালিকানুযায়ী) অনিয়মিত শ্রমিক মজুরী জুলাই/২০২৪ হতে সেপ্টেম্বর/২০২৪ পর্যন্ত ৩(তিন) মাসের বকেয়া এবং চলতি ২০২৫-২৬ অর্থবছরের অক্টোবর/২০২৫ হতে ডিসেম্বর/২০২৫খ্রি. পর্যন্ত ৩ (তিন)মাসহ সর্বমোট ৬(ছয়) মাসের ব্যয় নির্বাহের জন্য সূত্রস্থ: বরাদ্দপত্রের শর্ত পরিপালন/ বাস্তবায়নের নির্দেশনা মোতাবেক আইবাস সফটওয়্যারে বরাদ্দ বিতরণ/ অর্থ ন্যাস্ত করা হলো।

শর্তাবলী:

(১) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে সূত্রস্থ স্মারকে উল্লেখিত সকল নির্দেশনা প্রতিপালন করতে হবে।
(২) প্রযোজ্য ক্ষেত্রে "দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫" অনুসরণ করতে হবে।
(৩) এ অর্থ ব্যয়ে পাবলিক প্রকিউমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউমেন্ট বিধিমালা, ২০২৫ (বাংলাদেশ গেজেট সেপ্টেম্বর ২৮, ২০২৫) সহ সকল আর্থিক বিধিবিধান ও নিয়মাচার অনুসরণ করতে হবে।
(৪) আগামী ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে উক্ত বরাদ্দকৃত অর্থ ব্যয়ের প্রতিফলন (আইবাস প্রিন্ট কপিসহ) উপপরিচালক, ইপিআই প্রধান কার্যালয়, ইপিআই ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকায় প্রেরণ করবেন।
(৫) উক্ত অর্থ ব্যয়ের বিলম্বজনিত কারণে অথবা অন্য কোন জটিলতার চলতি ২০২৫-২৬ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ ব্যয়ে ব্যর্থ হলে এর দায় সংশ্লিষ্ট স্থানীয় ক্রয়কারীর উপর বর্তাবে।
(৬) এ অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট বিভাগীয় পরিচালকগণ (স্বাস্থ্য) এবং সিভিল সার্জনগণ স্ব স্ব অধিক্ষেত্রে মনিটরিং নিশ্চিত করবেন এবং উল্লেখিত অর্থ ব্যয়ের প্রতিবেদন দাখিল করবেন।
(৭) ডিডিগণ পোর্টার/প্যাকার্সগণের স্ব স্ব নামীয় ব্যাংক হিসাবে অর্থ প্রদান করবেন এবং উহার প্রমাণক ইপিআই প্রধান কার্যালয়, ইপিআই ভবন, মহাখালী, ঢাকায় প্রেরণ করে উহার এক কপি মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা দৃষ্টি আকর্ষণ- পরিচালক (অর্থ) শাখায় প্রেরণ নিশ্চিত করবেন।
(৮) এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম /অডিট আপত্তি উত্থাপিত হলে তার সকল দায় সংশ্লিষ্ট ডিডিওগণের উপর বর্তাবে।

উল্লেখ্য, অর্থ বিভাগ অর্থ মন্ত্রণালয়ের সম্মতি এবং মাননীয় প্রধানমন্ত্রী মহোদয় কর্তৃক অনুমোদন ও প্রমার্জনার অনুমোদিত সারসংক্ষেপ এবং স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক অর্থ ছাড়ের মঞ্জুরী জ্ঞাপন এর ছায়ালিপি সংযুক্ত করা হলো।

ইহা মহাপরিচালক মহোদয়, স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদনক্রমে প্রেরণ করা হলো।

বিষয়টি অতীব জরুরী বিবেচ্য।

23/05/2026

পরিচালক (অর্থ)
স্বাস্থ্য অধিদপ্তর
ফোন: ০২ ২২২ ২৯৮ ৭৮০
ই-মেইল: directorfinance@ld dghs.gov.bd

বিতরণ কার্যার্থে:

১) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)।

স্মারক নং স্বা:অধি:/অর্থ(বাজেট)/বরাদ্দ/অর্থ ন্যাস্ত/ইপিআই/শ্রমিক মজুরী/২০২৫-২৬/৮৭৩৬/১(১৪) তারিখঃ ২৩/০৫/২০২৬খ্রি.

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ- সচিব মহোদয়ের একান্ত সচিব।
২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)। )

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

৩) অতিরিক্ত সচিব (বাজেট/হাসপাতাল/পরিকল্পনা অনুবিভাগ), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
৫) পরিচালক (প্রশাসন/ইউএইচসি/পরিকল্পনা ও গবেষণা/হাসপাতাল/রোগ নিয়ন্ত্রণ), স্বাস্থ্য অধিদপ্তর।
৬) পরিচালক (স্বাস্থ্য), সকল বিভাগ।
৭) পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর- বিজ্ঞপ্তিটি ওয়্যাব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৮) যুগ্ম-সচিব (বাজেট-২), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯) উপ-পরিচালক (ইপিআই), ইপিআই ভবন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০) উপ-সচিব (বাজেট-৪), বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১১) সিভিল সার্জন (সকল)।
১২) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এবিজি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৩) সহকারী সচিব (বাজেট-১), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।

২৩/০৫/২০২৪

ডা. মোহাম্মদ আবুল বাশার সরকার
সহকারী পরিচালক (বাজেট)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইল: directorfinance@ld.dghs.gov.bd